যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪২

১/ বিবিধ

আরবী

إياكم والزنا فإن في الزنا ست خصال، ثلاث في الدنيا وثلاث في الآخرة، فأما اللواتي في دار الدنيا فذهاب نور الوجه، وانقطاع الرزق، وسرعة الفناء وأما اللواتي في الآخرة فغضب الرب، وسوء الحساب، والخلود في النار إلا أن يشاء الله

موضوع

أخرجه الخطيب (12 / 493) وعنه ابن الجوزي في " الموضوعات " (3 / 107) من طريق كعب بن عمرو بن جعفر البلخي إملاءً: حدثنا أبو جابر عرس بن فهد الموصلي في الموصل: حدثنا الحسن بن عرفة العبدي: حدثني يزيد بن هارون عن حميد الطويل عن أنس مرفوعا، وقال الخطيب وتبعه ابن الجوزي: رجال إسناد هذا الحديث ثقات سوى كعب وكان غير ثقة، ثم روى عن محمد بن أبي الفوارس أنه قال: كان سيء الحال في الحديث، وعن العتيقي قال: فيه تساهل في الحديث

والحديث رواه من هذا الوجه الواحدي في " تفسيره " (ق 155 / 1) ، وتعقب ابن الجوزي السيوطي في " اللآليء " (2 / 191) بقوله: قلت: وله طريق آخر واه أخرجه أبو نعيم: حدثنا أبو بكر المفيد حدثنا أبو الدنيا الأشج عن علي بن أبي طالب رفعه، والله أعلم

قلت: لم يخجل السيوطي عفا الله عنا وعنه من أن يستشهد بهذا الإسناد الباطل فإن أبا الدنيا هذا كذاب أفاك لا يخفى حاله على السيوطي، فقد ترجمه الذهبي في " الميزان " فقال: كذاب طرقي، كان بعد الثلاث مئة ادعى السماع من علي بن أبي

طالب واسمه عثمان بن خطاب أبو عمرو، حدث عنه محمد بن أحمد المفيد بأحاديث وأكثرها متون معروفة ملصوقة بعلي بن أبي طالب ... وما يعني برواية هذا الضرب ويفرح بعلوها إلا الجهلة، وقال في ترجمته من الأسماء: طير طرأ على أهل بغداد، وحدث بقلة حياء بعد الثلاث مئة عن علي بن أبي طالب فافتضح بذلك وكذبه النقادون

فإذا كان السيوطي لا يحكم بوضع حديث يرويه مثل هذا الرجل البين كذبه، فهو دليل واضح على مبلغ تساهله في حكمه على الأحاديث، فاعلم هذا ولا تنسه يفدك ذكرك إياه في مواطن النزاع

বাংলা

১৪২। তোমরা ব্যাভিচার (যেনা) থেকে বেঁচে থাক, কারন তাতে ছয়টি খাসলত রয়েছে, যার তিনটি ঘটবে দুনিয়াতে আর তিনটি আখেরাতে। যেগুলো দুনিয়াতে ঘটবে সেগুলো হচ্ছেঃ তাতে (যেনাতে) চেহারার নুর লোপ পাবে, রিযক বন্ধ হয়ে যাবে এবং দ্রুত বিনাশ হয়ে যাবে। আর যেগুলো আখেরাতে ঘটবে সেগুলো হচ্ছেঃ প্রভুর ক্রোধ, মন্দ হিসাব-কিতাব এবং স্থায়ী জাহান্নামী হওয়া। তবে আল্লাহ যাকে চান তাকে বাদ দেন।

হাদীসটি জাল।

এটিকে খাতীব বাগদাদী তার “আত-তারীখ” (১২/৪৯৩) গ্রন্থে এবং তার থেকে ইবনুল জাওযী “আল-মাওযু"আত” গ্রন্থে (৩/১০৭) কা’য়াব ইবনু আমর আল-বালখী সূত্রে ... উল্লেখ করেছেন। আল-খাতীব ও ইবনুল জাওযী বলেছেনঃ কা’য়াব ইবনু আমর আল-বালখী ছাড়া এ হাদীসটির অন্যান্য বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। তিনি নির্ভরযোগ্য ছিলেন না। মুহাম্মাদ ইবনু আবুল ফাওয়ারিস বলেনঃ হাদীসের ক্ষেত্রে তার মন্দ অবস্থা ছিল। ওতায়কী বলেনঃ হাদীসের ক্ষেত্রে তার মধ্যে শিথিলতা ছিল।

সুয়ূতী ইবনুল জাওযীর সমালোচনা করে হাদীসটির অন্য একটি সনদ “আল-লাআলী” গ্রন্থে (২/১৯১) উল্লেখ করেছেন। কিন্তু সেটির সনদে আবুদ-দুনিয়া নামক এক বর্ণনাকারী আছেন, তিনি মিথ্যুক। যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেনঃ তিনি একজন মিথ্যুক। তিনি তিনশত হিজরীর পরের, তা সত্ত্বেও আলী ইবনু আবী তালিব (রাঃ) হতে শুনেছেন এরূপ দাবী করতেন। তার নাম উসমান ইবনু খাত্তাব আবূ আমর।

সুয়ূতী কর্তৃক মিথ্যুকের বর্ণনা দ্বারা শাহেদ পেশ করা প্রমাণ করছে যে, তিনি হাদীসের উপর হুকুম লাগানোর ক্ষেত্রে নরমপন্থীদের একজন। [শাহেদ শব্দেরব্যাখ্যা দেখুন (৫৬) পৃষ্ঠায়]

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5403

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন